

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং- ৩৯.০০৯.০০২.০১.০০.০৫৩.২০১৪-২০১৫/ ৩২৭/২(৫)


তারিখঃ ০৪ ফাল্গুন ১৪২১
১৬ ফেব্রুয়ারি ২০১৫

বিষয়ঃ ২০১৪-২০১৫ অর্থ বছরে “বিজ্ঞান ও প্রযুক্তি গবেষণা” মঞ্জুরীখাত হতে অনুদানের জন্য ২য় পর্যায়ে নির্বাচিত প্রকল্পসমূহের প্রিন্সিপাল ইনভেস্টিগেটর কর্তৃক বিল দাখিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশক্রমে অনুদানের জন্য নির্বাচিত প্রকল্পসমূহের প্রকল্প পরিচালকগণকে সরকারী আদেশ (জিও)-র নির্দেশনা মোতাবেক ১ম ও ২য় কিস্তি অনুদানের জন্য বিল ফরম পূরণপূর্বক মন্ত্রণালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো। বিল পাওয়ার পর বিল প্রতিস্বাক্ষর করে চেক ইস্যুর জন্য প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার নিকট প্রেরণ করা হবে। এতদসঙ্গে জিও-র কপি, বিল ফরম, নমুনা স্বাক্ষরের ফরম ও নীতিমালায় উল্লেখিত অঙ্গীকারনামার ফরম (Annexure-L) এবং পূর্ণাঙ্গ ঠিকানার ফরম (Annexure-M) প্রেরণ করা হলো।

২.০ আগামী ১৯/০২/২০১৫ তারিখের মধ্যে বিল ফরম (৪ সেট), নমুনা স্বাক্ষর ফরম (৪ সেট), প্রকল্প পরিচালক (প্রিন্সিপাল ইনভেস্টিগেটর) ও এসোসিয়েট ইনভেস্টিগেটর এর সাম্প্রতিক সময়ের ৪ (চার) কপি ছবি এবং বে-সরকারী সংস্থার ক্ষেত্রে সংস্থা প্রধানেরও সাম্প্রতিক সময়ের ৪ (চার) কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় বরাবর দাখিলের জন্য বিনীত অনুরোধ করা হলো। উল্লেখ্য, বিল ফরমে ১০ (দশ) টাকা মূল্যের রেভিনিউ স্ট্যাম্প, ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা (Annexure-L) ও পূর্ণাঙ্গ ঠিকানার ফরম (Annexure-M) যথাযথভাবে পূরণপূর্বক দাখিল করতে হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে (৫ ফর্দ)।


(মুঃ হুমায়ূন কবীর লস্কর)
যুগ্ম-সচিব (সংযুক্ত)
ফোনঃ ৯৫৭৬৫৩৯

২০১৪-২০১৫ অর্থ বছরে বিশেষ অনুদানের জন্য ২য় পর্যায়ে নির্বাচিত ৪০টি প্রকল্পের প্রকল্প পরিচালক /প্রিন্সিপাল ইনভেস্টিগেটর

অনুলিপিঃ

- ১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, বিপ্রম, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিপ্রম, ঢাকা।
- ৩। প্রোগ্রামার, বিপ্রম, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিপ্রম, ঢাকা।
- ৫। অফিস কপি।